





পরীক্ষা

নতুন শিক্ষাক্রমে মূল্যায়ন কাঠামো অনুমোদনে আজ বৈঠক ডেকেছে শিক্ষা মন্ত্রণালয়

বিশেষ প্রতিবেদক ঢাকা



প্রথম আলো ফাইল ছবি

নতুন শিক্ষাক্রম অনুযায়ী মূল্যায়ন কাঠামো অনুমোদন দেওয়ার লক্ষ্যে অবশেষে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (এনসিসিসি) সভা ডেকেছে শিক্ষা মন্ত্রণালয়। আজ সোমবার (১ জুলাই) দুপুরে মাধ্যমিক স্তর এবং কারিগরি ও মাদ্রাসা স্তরের এনসিসিসির যৌথ সভা অনুষ্ঠিত হবে।

সভার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা নোটিশে বলা হয়েছে, প্রস্তাবিত নবম শ্রেণি পর্যন্ত প্রতিষ্ঠানভিত্তিক মূল্যায়ন এবং দশম শ্রেণির পাবলিক মূল্যায়নবিষয়ক (এসএসসি পরীক্ষা) মূল্যায়ন কৌশল ও বাস্তবায়ন নির্দেশনা অনুমোদনের বিষয়টি সভার আলোচ্য বিষয় হিসেবে রাখা হয়েছে। এ ছাড়া বিবিধ বিষয়েও আলোচনা হবে।

শিক্ষাবর্ষের ছয় মাস শেষ হতে চললেও নতুন শিক্ষাক্রম অনুযায়ী মূল্যায়ন কাঠামো চূড়ান্ত না হওয়ায় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার বিষয়টি অনিশ্চয়তার মুখে পড়ে। এ ছাড়া শিক্ষক-শিক্ষার্থীরাও রয়েছে বিভ্রান্তির মধ্যে। তাই সংশ্লিষ্ট ব্যক্তিদের পরামর্শ হলো, দ্রুততম সময়ের মধ্যে মূল্যায়ন কাঠামো চূড়ান্ত করে সংশ্লিষ্ট সবাইকে জানিয়ে দেওয়া উচিত।

শিক্ষাক্রম প্রণয়নের সঙ্গে যুক্ত সূত্রগুলো বলছে, নতুন শিক্ষাক্রমে মূল্যায়ন কাঠামো চূড়ান্ত করতে এখন মূলত শিক্ষা মন্ত্রণালয় পর্যায়ে দেরি হচ্ছে। কারণ, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) গত ফব্রুয়ারি মাসে দেশে- বিদেশের বিভিন্ন অভিজ্ঞতার আলোকে মূল্যায়নের খসড়া প্রণয়ন করেছিল। সেটি শিক্ষা মন্ত্রণালয়েও উপস্থাপন করা হয়েছিল। একপর্যায়ে শিক্ষাক্রম বাস্তবায়ন ও মূল্যায়ন-পদ্ধতি চূড়ান্তকরণের কার্যক্রম সমন্বয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয় একটি কমিটি গঠন করে। তারাও সুপারিশ দিয়েছে। সেই সুপারিশের ভিত্তিতে মন্ত্রণালয়ের আরেকটি সভায় সেটি আবারও সংশোধন করা হয়। আনুষঙ্গিক কাজ শেষে এনসিটিবির বোর্ড সভায় সেটি অনুমোদন দেওয়া হয়। তারপর সেটি এনসিসিসির সভায় উপস্থাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়। এরপর বিষয়টি আটকে আছে।

উল্লেখ্য, এনসিসিসি মন্ত্রণালয় পর্যায়ের একটি কমিটি, যেখানে শিক্ষাক্রমের চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। এ নিয়ে গণমাধ্যমে প্রতিবেদনও প্রকাশিত হয়েছে। এমন পরিস্থিতিতে এখন শিক্ষা মন্ত্রণালয় এনসিসিসির সভা ডেকেছে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো ককন





সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো